




ISO 9001:2015



বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১, রূপাতলা, বরিশাল। E-Mail: bapbs1@gmail.com, Web Site: www.pbs1.barisal.gov.bd, ফোনঃ ০৪৩১-৭১৬৫৩, ৭১৩৬৬

স্মারক নং-২৭.১২.০৬৫১.৫৩৯.০১.০৮.২১. ২৫৫০

তাং-০৫/১০/২০২১ খ্রীষ্টাব্দ

বিষয়ঃ- “রিটেইনার চিকিৎসক” পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি।


বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে উপস্থিত হইয়া উক্ত অফিসের কর্মকর্তা/কর্মচারীদেরকে চিকিৎসা সুবিধা প্রদানের জন্য নিম্ন লিখিত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে সদর দপ্তরের জন্য একজন “রিটেইনার চিকিৎসক(চুক্তি ভিত্তিক)” নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে পুনঃ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :-

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- ০২। আবেদনকারীকে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হইতে হইবে।
- ০৩। সমিতির আওতাভুক্ত থানা/ এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হইবে।।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হইবে।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হইবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকিতে পারিবেন না।
- ০৭। চুক্তি বাতিল করিতে হইলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০(ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করিতে হইবে।
- ০৮। ০৩(তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃ পক্ষে ০১(এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহ্বান করা হইবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকিবেন তিনিও পুনরায় আবেদন করিতে পারিবেন।
- ০৯। নিয়োগ প্রাপ্ত রিটেইনার চিকিৎসককে সপ্তাহে দুইদিন অত্র অফিসের কর্মকর্তা/কর্মচারীদেরকে এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে উপস্থিত হইয়া উক্ত অফিসের কর্মকর্তা/কর্মচারীদেরকে চিকিৎসা সুবিধা প্রদান করিতে হইবে। সপ্তাহের অন্যান্য দিনে কর্মকর্তা/কর্মচারীগণ তাহার নিকট চিকিৎসার জন্য গেলে বিনা পারিশ্রমিকে চিকিৎসা সুবিধা প্রদান করিতে হইবে। সেক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- ১০। নিয়োগ প্রাপ্ত রিটেইনার চিকিৎসককে সপ্তাহে দুইদিন নিয়োগপ্রাপ্ত অফিসে উপস্থিত হইয়া চিকিৎসা সুবিধা প্রদান করিতে হইবে। সপ্তাহের অন্যান্য দিনে কর্মকর্তা/কর্মচারীগণ তাহার নিকট চিকিৎসার জন্য গেলে বিনা পারিশ্রমিকে চিকিৎসা সুবিধা প্রদান করিতে হইবে।
- ১১। দূর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাহু যে কোন স্থানে যে কোন সময়ে যাইতে হইবে।
- ১২। আগ্রহী প্রার্থীগণকে আবেদন পত্রে নিম্ন লিখিত তথ্যাদি যথাযথভাবে উল্লেখ করিতে হইবে :-
 - (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম ও মাতার নাম;
 - (খ) বর্তমান ঠিকানা ;
 - (গ) স্থায়ী ঠিকানা ;
 - (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
 - (ঙ) এমবিবিএস এর রেজিস্ট্রেশন নং ;
 - (চ) চিকিৎসা কাজের অভিজ্ঞতা (যদি থাকে) ;


(ছ) বর্তমানে কোন প্রতিষ্ঠানে নিয়োজিত থাকিলে তাহার বিবরণ ;
(জ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে এবং যা আগামী ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।


(প্রকৌঃ আবদুল মন্নান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ প্রেরিত হইল।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
- ০৪। জেলা প্রশাসক, বরিশাল।
- ০৫। সিভিল সার্জন, বরিশাল।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস।
- ০৭। সভাপতি, বিএমএ বরিশাল জেলা শাখা, বরিশাল।
- ০৮। থানা স্বাস্থ্য কর্মকর্তা, সদর/বাকেরগঞ্জ/মুলাদী/মেহেন্দীগঞ্জ/হিজলা, বরিশাল।
- ০৯। ডিজিএম, বাকেরগঞ্জ/মুলাদী জোনাল অফিস/কারিগরী, বপবিস-১।
- ১০। এজিএম(ওএডএম-হিজলা/মেহেন্দীগঞ্জ সাব জোনাল অফিস)বপবিস-১।
- ১১। সকল বিভাগীয় প্রধান, বপবিস-১।
- ১২। নোটিশ বোর্ড, বপবিস-১।


সিনিয়র জেনারেল ম্যানেজার